

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৩৩৮২

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি খাবারের অভাবে নয় বরং সম্পদ বৃদ্ধি করার জন্য মানুষের কাছে সাহায্য চায়, তার প্রতি নিষেধাজ্ঞা

ذَكَرُ الزَّجْرِ عَنْ سُؤَالِ الْمَرْءِ يُرِيدُ التَّكْثِيرَ دُونَ الْإِسْتِغْنَاءِ وَالتَّقَوُّتِ

আরবী

3382 - أَخْبَرَنَا أَبُو عَرُوبَةَ قَالَ: حَدَّثَنَا الْمُغِيرَةُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ الْحَرَّانِيُّ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ السَّكَنِ قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ دَاوُدَ بْنِ أَبِي هِنْدٍ عَنِ الشَّعْبِيِّ عَنْ مَسْرُوقٍ قَالَ: قَالَ: عُمَرُ بْنُ الْخَطَّابِ قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَنْ سَأَلَ النَّاسَ لِيُثْرِيَ مَالَهُ فَإِنَّمَا هُوَ رَضْفٌ مِنَ النَّارِ يَتْلَهُ مِنْ شَاءَ فَلْيُقِلَّ وَمَنْ شَاءَ فَلْيُكْثِرْ)

الراوي : عُمَرُ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3382 | خلاصة حكم المحدث: صحيح - ((التعليق الرغيب)) (2/5 - 6).

বাংলা

৩৩৮২. উমার বিন খাত্তাব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যে ব্যক্তি সম্পদ বৃদ্ধির জন্য মানুষের কাছে সাহায্য চায়, তবে সেটা হলো তণ্ডু পাথর, যা তাকে জ্বালিয়ে দিবে। কাজেই যে চায়, সেটা কম করুক আর যে চায় তা বেশি করুক।”[1]

ফুটনোট

[1] ইমাম সুয়ুতী, আল জামিউল কাবীর: ২/৭৮২; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/২০৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাল্লাহু যঈফ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী

রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ২/৬০৫)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92715>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন